

## বিএনপি, অস্ট্রেলিয়ার মহান স্বাধীনতা দিবস উদযাপন

অস্ট্রেলিয়া থেকে এম. মোরশেদ: বাংলাদেশ জাতীয়তাবাদী দল, অস্ট্রেলিয়া শাখার উদ্দ্যোগে বাংলাদেশের মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ২৮শে মার্চ ২০১০ রবিবার সিডনির বনফুল রেস্টুরেন্টে এক আলোচনা সভার আয়োজন করা হয়। বাংলাদেশ জাতীয়তাবাদী দল অস্ট্রেলিয়া শাখার যুগ্ম আহ্বায়ক এম. এম. সারোয়ার বাবুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. ইঞ্জিনিয়ার হুমায়ের চৌধুরী রানা এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদী



দল অস্ট্রেলিয়া শাখার সাবেক সাংগঠনিক সম্পাদক মো: লুৎফুল কবির। বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার জাতীয় সঙ্গিতের মাধ্যমে অনুষ্ঠান শুরুর পরপরই বাংলাদেশ স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধে ত্রিশ লক্ষ শহীদের

আত্মার মাগফেরাত কামনা করে এক মিনিট এবং শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রতি শুক্রাঞ্জলী নিবেদন করে এক মিনিট নিরবতা পালন করা হয়।

বাংলাদেশ জাতীয়তাবাদীদল বিএনপি অস্ট্রেলিয়ার যুগ্ম আহ্বায়ক সাবেক ছাত্রনেতা মোসলেহউদ্দিন আরিফের পরিচালনায় আলোচনা সভায় আর ও বক্তব্য রাখেন বিএনপি অস্ট্রেলিয়া যুগ্ম আহ্বায়ক ইব্রাহীম খলিল মাসুদ, জাসাস অস্ট্রেলিয়ার সাবেক সভাপতি নাসিম হোসাইন, অস্ট্রেলিয়া মহিলাদলের সভাপতি লাভলী আলম, বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল অস্ট্রেলিয়া শাখার আহ্বায়ক হাফিজুল ইসলাম তারেক, যুগ্ম আহ্বায়ক যুগ্ম আহ্বায়ক হাসান আল মামুন, এ এন. এম. মাসুম, বিএনপি নিউ সাউথ ওয়েলস শাখার সাধারণ সম্পাদক মো: আশরাফুল আলম রনি, স্বেচ্ছাসেবকদল অস্ট্রেলিয়া শাখার সিনিয়র সহ সভাপতি শফিকুল ইসলাম সুমন, বিএনপি নেতা রাশেদুল হক মিলন, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল অস্ট্রেলিয়া শাখার আহ্বায়ক মোস্তফা মোরশেদ নিথুন, যুগ্ম আহ্বায়ক ওমর ফারুক, সজীব আহাম্মদ, স্বেচ্ছাসেবকদল অস্ট্রেলিয়া শাখার সাংগঠনিক সম্পাদক মোনায়েম খান মিশু, মোস্তাফিজ আল মামুন ও আরুল কাশেম প্রমুখ।